

বর্তমান চলমান সাধারণ কার্যক্রম:

১. ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বের কারিগরী শিক্ষা বোর্ডের অধীন কৃষি ডিপ্লোমা কোর্সের ক্লাস কার্যক্রম ০২/০২/২০২০খ্রিঃ হতে শুরু হয়েছে এবং চলমান রয়েছে।
২. উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীন বিএজেড প্রগ্রামের পর্বসমাপনী পরীক্ষা কার্যক্রম চলমান রয়েছে।
৩. শ্রেণি পাঠদানের পাশাপাশি মাঠ ব্যবহারিক ক্লাস সফলভাবে চলছে।
৪. মাঠ ফসল ও অন্যান্য ফসল ও গবাদি পশু পরিচর্যা যথাযথভাবে চলছে।
৫. ডিএই নির্দেশনা অনুযায়ী কৃষকের প্রদর্শনীতে শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ।

বর্তমান চলমান বিশেষ ইনোভেটিভ কার্যক্রম:

১. শিখি-করি-খাই (শিকখা): শ্রেণিকক্ষে পাঠদানের পাশাপাশি বিষয় ভিত্তিক মাঠ পর্যায়ের ব্যবহারিক কার্যক্রমের একটি বিশেষায়িত উদ্ভাবনী উদ্যোগের নাম 'শিখি-করি-খাই' (শি-ক-খা)। যেখানে শিক্ষার্থীগণ সকাল ৮.৩০ ঘটিকা হতে বিকাল ৫.৩০ ঘটিকা পর্যন্ত শ্রেণিকক্ষে পাঠদান ও মাঠের ব্যবহারিক কার্যক্রমে সরাসরি অংশ গ্রহণ করে থাকে। যা তাদের কৃষি প্রযুক্তির প্রায়োগিক জ্ঞানকে আরো সমৃদ্ধ করে।
২. নিরাপদ সবজির ক্ষণিক বাজার: মানব স্বাস্থ্য যখন হুমকির মুখে, খাদ্য যেখানে ভেজাল তেমন পরিস্থিতিতে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঝিনাইদহ'র এই ছোট্ট উদ্যোগের নাম "নিরাপদ সবজির ক্ষণিক বাজার"। অত্র পতিষ্ঠানের যেকোন পর্যায়ের কর্মকর্তা কর্মচারী, শিক্ষার্থী, স্থানীয় বাসিন্দা এমনকি ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়ক দিয়ে চলাচলকারী যেকোন পথচারীও ইচ্ছে করলে নূনতম ন্যায্যমূল্যে ক্রয় করতে পারে বিষমুক্ত শাক-সবজি এবং কিছু ফুলের পশরা।
৩. কুইজ প্রতিযোগিতা: বর্তমান প্রতিযোগিতার যুগে চাকুরী বিশেষকরে সরকারি চাকুরী পাওয়া একটি কঠিন চ্যালেঞ্জ এবং অত্যন্ত সম্মানের। কিন্তু সেই প্রতিযোগিতামূলক চাকুরীর পরীক্ষার যে নিয়ামক বিষয় থাকে (যেমন বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি, সাধারণ বিজ্ঞান ইত্যাদি) কৃষি ডিপ্লোমা শিক্ষার্থীরা তার থেকে খানিকটা দুরেই থেকে যায়। এসব বিষয় বিবেচনা করে চালু করা হয়েছে এই কুইজ প্রতিযোগিতা। ২-৩ মাস পরপর যেকোন একটি বিষয়ের উপর আয়োজন করা হয় এমসিকিউ পদ্ধতিতে কুইজ প্রতিযোগিতা যা অত্যন্ত স্বচ্ছতার সাথে বাস্তবায়িত হয়। সম্প্রতি বাংলা ও সাধারণ জ্ঞান বাংলাদেশ বিষয়াবলি বিষয়ের উপর প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে যার মধ্যে বাংলা'র পুরস্কার বিতরণী

অনুষ্ঠান সম্পন্ন হয়েছে এবং সাধারণ জ্ঞান বাংলাদেশ বিষয়াবলি বিষয়ের ফলাফল তৈরীর প্রক্রিয়া চলমান রয়েছে।

এছাড়া বাস্তবায়িত আরোও কিছু ইভেন্ট:

১. জাতীয় শোক দিবস: যথাযোগ্য মর্যাদায় ৪৪তম জাতীয় শোক দিবস পালন করা হয়। অনুষ্ঠানে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী ভিত্তিক বিভিন্ন আলোচনা হয়।
২. শরৎ সকাল: ঋতু বৈচিত্রের দেশ বাংলাদেশ। সেই বৈচিত্রের মাঝে শরৎ কে বলা ঋতু রাণী। ঋতু রাণী শরৎ কে শিক্ষার্থী তথা দর্শকদের মনে স্মরণ করিয়ে দিতেই এই আয়োজন। শিক্ষার্থীদের নিজেদের পারফরমেন্সেই সঞ্চালিত হয় সমগ্র অনুষ্ঠানটি। অনুষ্ঠানে শরৎ বসুদনায় নাচ, গান, আবৃত্তি ইত্যাদি দর্শক মনে আলোড়ন তুলেছিল। অনুষ্ঠানে উপপরিচালক, ডিএই মহোদয়সহ অনেক বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন। বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া অনুষ্ঠানটি প্রচার করেছিল।
৩. বিশ্ব খাদ্য দিবস: ১৬ অক্টোবর বিশ্ব খাদ্য দিবস ও খাদ্য মেলা পালন করা হয় উৎসব মুখর পরিবেশে অত্র ক্যাম্পাসেই। অনুষ্ঠানের আলোচনা পর্ব ও খাদ্য মেলা তথা খাদ্য স্টল শোভা পেয়েছিল। অনুষ্ঠানে শিক্ষার্থীদের বক্তব্যে বিশ্বে খাদ্য সঙ্কট, খাদ্য বৈষম্য ও খাদ্য অপচয়ের নানা উদাহরণ তুলনা উঠে আসে যা মানবতার বিবেককে নাড়া দিতে সক্ষম হয়েছিল। খাদ্য স্টলে বাঙ্গালীআনার নানা প্রকরণ শোভা পেয়েছিল। শুধু শোভা বর্ধনই নয় উপস্থিত দর্শক শিক্ষার্থী স্বল্প মূল্যে ক্রয় করে স্বীয় রসনা বিলাসেরও সুযোগ পেয়েছিল।